তিনটি দুর্ঘটনায় হত ৪, আহত ১

বর্ধমান, ১২ অক্টোবর ঃ মাত্র ২৪ ঘণ্টার মধ্যে তিনটি পথ দুর্ঘটনায় মৃত্যু হল চারজনের। গত বুধবার বিকেল থেকে বৃহস্পতিবার দুপুর পর্যন্ত পূর্ব বর্ধমান জেলার বিভিন্ন থানা এলাকায় দুর্ঘটনাগুলি ঘটে। পুলিশ সবকটি দুর্ঘটনারই কারণ খতিয়ে দেখছে। দুর্ঘটনায় মৃতরা হলেন দেবকুমার মল্লিক (৪৩), অরূপ সাহা (২৭), বাবলু সাহা (৩৩) ও নবকুমার রায় (৫৮)।

পুলিশ সূত্রে খবর, দেবকুমার মল্লিক পূর্ত দপ্তরের ঠিকাকর্মী ছিলেন। তাঁর বাড়ি বর্ধমান শহরের জগৎবেড় এলাকায়। বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটা নাগাদ সাইকেলে চেপে ছেলেকে স্কুল থেকে বাড়ি আনতে যাচ্ছিলেন তিনি। অভিযোগ, সেই সময় স্থানীয় শাঁখারিপুকুর এলাকায় একটি লরি তাঁকে ধাক্কা মেরে পালায়। আশঙ্কাজনক অবস্থায় দেবকুমারকে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

ভাঙাকুঠির মাঠপাড়া এলাকার বাসিন্দা বাবলু সাহার এক আত্মীয়ের বাড়ি বর্ধমানের তালিত এলাকায়। গত বুধবার রাতে স্থানীয় দুই বন্ধু অরূপ সাহা ও গণেশ দলুইয়ের সঙ্গে মোটরবাইকে ওই আত্মীয়ের বাড়ি যান বাবলু। রাতে সেখান থেকে বাইকেই বর্ধমান-সিউড়ি রোড ধরে বাড়ি ফিরছিলেন তাঁরা। সেই সময়েই বীরপুর মোড়ের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে একটি কালভার্টে সজোরে ধাক্কা মারেন বাবলুরা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছোয় পুলিশ। আহত তিনজনকে উদ্ধার করে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসকরা বাবলু ও অরূপকে সেখানে মৃত বলে ঘোষণা করেন। গণেশ দলুই ওই হাসপাতালেই চিকিৎসাধীন রয়েছেন।

বুধবার বিকেলে আরও একটি দুর্ঘটনা ঘটে পূর্ব বর্ধমানেরই সাকনাড়া বাজারের কাছে। মাধবডিহির আরুই গ্রামের বাসিন্দা ছিলেন নবকুমার রায়। বেশ কিছুদিন ধরেই অসুস্থ ছিলেন তিনি। গত বুধবার বিকেলে এক আত্মীয়ের মোটরবাইকে চেপে ডাক্তার দেখাতে যাচ্ছিলেন নবকুমার। সেই সময় হঠাৎই বাইক থেকে পড়ে যান তিনি। তাঁকে উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে অবস্থার অবনতি হওয়ায় সন্ধে নাগাদ বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালে স্থানান্তরিত করা হয় নবকুমারকে। চিকিৎসকরা তাঁকে পরীক্ষা করে মৃত বলে ঘোষণা করেন।

আহত তিন পুলিশকর্মী

তমলুক, ১২ অক্টোবর ঃ ডিউটি সেরে পুলিশকর্মীদের নিয়ে ফেরার পথে দুর্ঘটনার কবলে পড়ল একটি মিনিবাস। বৃহস্পতিবার সকালে ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুরের হলদিয়া ভবনের সামনে। এই ঘটনার পর সংশ্লিষ্ট ঠিকা সংস্থা এ নিয়ে মুখ খুলতে চায়নি। তবে নিখোঁজ ওই শ্রমিক মুর্শিদাবাদের বাসিন্দা বলে জানা গিয়েছে। তাঁর নাম জানা যায়নি। হলদিয়া থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

ময়ূরাক্ষীর জল বাড়ায় ভেসে গিয়েছে বীরভূমের অজয়পুরের বিস্তীর্ণ এলাকা। তাই যাতায়াতে এখন আমজনতার সবথেকে বড়ো ভরসা নৌকা। - তথাগত চক্রবর্তী

বাঁধের ছাড়া জলে বিপদসীমায় ময়ূরাক্ষী, অজয়

জলমগ্ন মুর্শিদাবাদ ও বীরভূমের বিস্তীর্ণ এলাকা, ভাসল কৃষিজমি

সৌরভ বড়াল ও ভাস্কর ঘোষ

সিউড়ি ও কান্দি, ১২ অক্টোবর ঃ এ রাজ্য থেকে নিম্নচাপ সরে গিয়েছে দু-দিন আগেই। কিন্তু সেই নিম্নচাপের প্রভাবেই টানা বৃষ্টি শুরু হয়েছে পড়শি রাজ্য ঝাড়খণ্ডে। আর তার জেরেই জলস্তর বাড়ছে এ রাজ্যের নদীগুলিতে। নিরাপত্তার স্বার্থে একের পর এক নদীবাঁধ থেকে জল ছাড়তে বাধ্য হচ্ছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। ফলে জলবন্দি হয়ে পড়েছেন ওইসব এলাকার মানুষ। ভেসে গিয়েছে বিঘার পর বিঘা চাষের জমিও।

প্রশাসনিক সূত্রে খবর, ঝাড়খণ্ডে টানা বৃষ্টির জেরেই ময়ূরাক্ষী নদী ও অজয় নদের জল বিপদসীমা ছুঁয়েছে। বৃহস্পতিবার বীরভূমের তিলপাড়া ও মাসাঞ্জোর জলাধার থেকে ময়ূরাক্ষী নদীতে যথাক্রমে ১৩ হাজার ৪৮৬ কিউসেক ও ১৪ হাজার ২৯৫ কিউসেক জল ছাড়া হয়। এর ফলে একইসঙ্গে চিন্তা বেড়েছে মুর্শিদাবাদ ও বীরভূম জেলা প্রশাসনের। মুর্শিদাবাদের জেলাশাসক পি উলগানাথন জানান, গোটা পরিস্থিতির উপর নজর রাখা হয়েছে। ময়ূরাক্ষী নদীতে জলস্তর বাড়ায় ইতিমধ্যেই বড়ঞা থানা এলাকার পাঁচথুপিতে নদীবাঁধে ধস নেমেছে বলে স্থানীয় সূত্রে জানা গিয়েছে। জলের তোড়ে ভেসে গিয়েছে কয়েক বিঘার জমির ধান ও আলু। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান মুর্শিদাবাদ জেলাপরিষদের সভাধিপতি বৈদ্যনাথ দাস। তাঁর সঙ্গে সেচ দপ্তরের ইঞ্জিনিয়ার ও ব্লক প্রশাসনের কর্তারাও। সভাধিপতির নির্দেশে দ্রুত বাঁধ মেরামতির কাজে হাত দিয়েছেন তাঁরা।

বৈদ্যনাথবাবু জানান, টানা বৃষ্টিতে পাঁচথুপিতে বাঁধের খানিকটা দুর্বল হয়ে পড়েছিল। এই পরিস্থিতিতে নদীর জলস্তর বাড়ায় ঘোষপাড়ার কিছু জায়গায় ধস নামে। তবে সেচ দপ্তর দ্রুত বাঁধ মেরামতি করে পরিস্থিতি মোকাবিলার চেষ্টা করছে। দপ্তরের ইঞ্জিনিয়ার পি গোস্বামী জানান, ঝাড়খণ্ডে টানা বৃষ্টির জন্যই এ রাজ্যের দক্ষিণবঙ্গের জেলাগুলিতে সমস্যা বাড়ছে। তবে প্রশাসন যে কোনো পরিস্থিতি মোকাবিলার জন্য প্রস্তুত রয়েছে। এদিকে, ময়ূরাক্ষীতে জল বাড়ায় পাঁচথুপি ছাড়াও জলমগ্ন হয়ে পড়েছে সুন্দরপুর, কুরনুরুন, হাতিশালা, শিউলি সহ বিস্তীর্ণ এলাকা। ক্ষতিগ্রস্ত হয়েছে এলাকার ধান ও আলুর চাষও। একই পরিস্থিতি তৈরি হয়েছে ভরতপুর থানা এলাকার গুন্দরিয়ায়। জলমগ্ন হয়ে পড়েছে কান্দি-সালার রাজ্য সড়কও। ফলে যান চলাচলে ব্যাপক সমস্যা হচ্ছে। বৈদ্যনাথবাবু জানিয়েছেন, এই ঘটনায় ক্ষতিগ্রস্ত কৃষকরা যাতে আর্থিক সহযোগিতা পান, সে বিষয়ে জেলাপরিষদের তরফ থেকে কৃষি দপ্তরকে অনুরোধ জানানো হবে।

ময়ূরাক্ষীতে জল বাড়ায় বিপাকে পড়েছেন বীরভূম জেলার মানুষও। জেলার মহম্মদবাজার এলাকার অজয়পুরে ১২টিরও বেশি গ্রাম জলমগ্ন হয়ে পড়েছে। স্থানীয় বাসিন্দাদের দাবি, জমা জলে নষ্ট হচ্ছে তাঁদের খেতের ধান। যদিও বীরভূম জেলা প্রশাসনের তরফ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার নদীবাঁধ থেকে জল ছাড়ার প্রক্রিয়া অব্যাহত থাকলেও তার পরিমাণ কমানো হয়েছে। জেলা প্রশাসনিক দপ্তরে খোলা হয়েছে বিশেষ কন্ট্রোল রুম। এখান ঘণ্টায় ঘণ্টায় জলমগ্ন এলাকাগুলি সম্পর্কে খোঁজখবর নেওয়া হচ্ছে। তবে এখনই প্রশাসনের তরফে ক্ষয়ক্ষতির কোনো পরিমাণ প্রকাশ করা হয়নি।

উদ্‌বিগ্ন মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ অক্টোবর ঃ প্রতিবেশী রাজ্য ঝাড়খণ্ডে বৃষ্টি হলে তাঁর মাথাব্যথা হয় বলে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন। প্রসঙ্গত, প্রতিবেশী ওই রাজ্যে বৃষ্টির ফলে নদীতে জলস্ফীতি হওয়ায় বৃহস্পতিবার হাওড়ার উদয়নারায়ণপুর সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। ডিভিসি সহ বিভিন্ন জলাধার এদিন জল ছাড়ে। ঝাড়খণ্ডে বৃষ্টির ফলে অজয়, ময়ূরাক্ষী, কুঁরে ইত্যাদি নদীতে জলস্ফীতি হচ্ছে। প্রশাসন পরিস্থিতির দিকে নজর রাখছে।

আগামী বছর বিসর্জন শোভাযাত্রায় ৮০টি পুজো কমিটি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ অক্টোবর ঃ কলকাতায় আগামী বছর দুর্গাপ্রতিমা বিসর্জন শোভাযাত্রায় ৮০টি পুজো কমিটি অংশ নেবে। এই শোভাযাত্রার সাফল্য ও আনন্দ-উচ্ছ্বাসে খুশি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই কথা জানিয়েছেন। দক্ষিণ কলকাতার নজরুল মঞ্চে এদিন বিশ্ব বাংলা শারদ সম্মান ২০১৭ পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সাম্প্রতিক দুর্গাপুজো, মহরম শান্তিতে অনুষ্ঠিত হওয়ায় সবাইকে ধন্যবাদ জানান তিনি। বলেন, এই কৃতিত্ব সব মানুষের, পুজো কমিটিরও। নাম না করে বিজেপি-কে বিঁধে মুখ্যমন্ত্রী বলেন, 'ধর্ম যার যার, উৎসব সবার। এখানে কম চক্রান্ত, প্ররোচনা হয়নি। কিন্তু পুজো কমিটিগুলি সেই ফাঁদে পা দেয়নি।' এর জন্য সব মানুষকে তিনি অভিনন্দন জানান, পুজো উপলক্ষ্যে রাজ্যে কোটি কোটি টাকার বিনিয়োগ হয় বলে এদিনও দাবি করেন মুখ্যমন্ত্রী। বলেন, বহু পরিবারের সারা বছরের খরচ এই সময় উঠে যায়। আগে তাঁর পাড়া কালীঘাটে ঢাকিদের যে তাক দুমাদুম আওয়াজ শোনা যেত, এখন চাহিদার ফলে তা শোনা যায় না। রাজ্য মন্ত্রীসভার দুই গুরুত্বপূর্ণ মন্ত্রী ফিরহাদ হাকিম ও অরূপ বিশ্বাসের পুজোর উল্লেখ করে সহাস্যে মুখ্যমন্ত্রী বলেন, 'ওদের দুজনের এত বন্ধুত্ব। কিন্তু পুজোয় থিম কী জানতে চাইলে কেউ বলেন না। তাঁর কথায়, 'এই পুজো কেন্দ্র করে প্রচুর কর্মসংস্থান হয়, বড়ো মাপের বিনিয়োগ হয়। এবার পুজোয় অনেক বিজেপি অতিথি এসেছিলেন। সকলেই এখানকার পুজোয় প্রশংসা করেছেন। যুব বিশ্বকাপ উপলক্ষ্যে অনেকে এখানে এসে পুজোর আনন্দ উপভোগ করেছেন।'

এবার ৭০টি ক্লাবের দুর্গাপ্রতিমা বিসর্জন শোভাযাত্রায় অংশ নিয়েছে। আগামী বছরে আরও ১০টি বাড়বে। সারা বিশ্বের কোটি কোটি মানুষ এই সুন্দর শোভাযাত্রা দেখেছেন, মুখ্যমন্ত্রী বলেন, তিনি মহালয়ার আগে পুজো উদ্‌বোধন করেন। সারা বছর ধরে এত সুন্দর আয়োজন, শিল্পকর্ম, তা যাতে মানুষ বেশিদিন ধরে উপভোগ করতে পারে, তিনি চান। সামনেই কালীপুজোয় বাজি পোড়ানো নিয়ে সতর্ক করেন। ছটপুজো, জগদ্ধাত্রী পুজো নিয়ে সবাইকে আগাম শুভেচ্ছা জানিয়ে মুখ্যমন্ত্রী উচ্ছ্বাস ভরে বলেন, সবে তো উৎসবের মরশুম শুরু হল। আগামী গঙ্গাসাগর মেলা অবধি যা চলবে। এইসব নিয়ে তিনি গর্বিত, কৃতজ্ঞ। এবার যে পুজো কমিটিগুলি পুরস্কার পায়নি, আগামীতে তারা পেতে পারে। কলকাতা সহ সারা রাজ্যেই দারুণ সব সুন্দর পুজো হয় বলে মুখ্যমন্ত্রী জানান।

ডেঙ্গু মোকাবিলায় ব্যর্থ রাজ্য সরকার, অভিযোগ বিজেপি-র

কলকাতা, ১২ অক্টোবর (সংবাদ) ঃ ডেঙ্গু মোকাবিলায় রাজ্য সরকারের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ তুলে সরব হয়েছে বিজেপি। বৃহস্পতিবার রাজ্য বিজেপি-র সহসভাপতি সুভাষ সরকার বলেন, 'ডেঙ্গুতে আক্রান্ত হয়ে যাঁরা মারা যাচ্ছেন, তাঁদের ব্যাপারে মুখ্যমন্ত্রী বলছেন, অজানা জ্বর হয়েছে। স্বাস্থ্যকর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে ডেথ সার্টিফিকেটে ডেঙ্গু কথার উল্লেখ না করতে।' তাঁর দাবি, ডেঙ্গু মোকাবিলার ব্যাপারে রাজ্য সরকারের উচিত উপযুক্ত পরিকাঠামো গড়ার দিকে নজর দেওয়া। বিজেপি-র অভিযোগ, ডেঙ্গু নিয়ে সঠিক তথ্য পেশ করা হচ্ছে না। ওই একই সাংবাদিক বৈঠকে রাজ্য বিজেপি-র সাধারণ সম্পাদক সায়ন্তন বসু বলেন, স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা পাঠিয়েছে, রাজ্য সরকারের উচিত সেই টাকা সঠিক হিসেব দেওয়া।

শংকর মালাকারকে গুরুত্ব কংগ্রেসের

কলকাতায় হবে পঞ্চায়েতিরাজ সম্মেলন, উদ্‌বোধনে রাহুল

স্বরূপ বিশ্বাস ● কলকাতা

১২ অক্টোবর ঃ প্রদেশ কংগ্রেসের পঞ্চায়েতি রাজ সম্মেলনের উদ্‌বোধন করতে ২৩ ডিসেম্বর কলকাতায় আসছেন কংগ্রেসের সর্বভারতীয় সহসভাপতি রাহুল গান্ধি। এই রাজ্যে সাংগঠনিকভাবে ঘুরে দাঁড়াতে পঞ্চায়েতি রাজ সম্মেলনের উপর গুরুত্ব দিচ্ছে প্রদেশ কংগ্রেস এবং সেইমতো রাহুল গান্ধিকে দিয়ে সম্মেলনের উদ্‌বোধন করানোর ব্যবস্থা হয়েছে বলে বৃহস্পতিবার প্রদেশ কংগ্রেস সূত্রে জানা গিয়েছে।

সম্মেলনের গুরুত্ব বাড়াতে সাংগঠনিক পর্যায়ে একটি উচ্চপর্যায়ের কমিটিও গড়া হয়েছে, যাতে গুরুত্ব পেয়েছে দক্ষিণবঙ্গ এবং উত্তরবঙ্গও। তুলনায় সাংগঠনিক দিক থেকে কিছুটা শক্তিশালী উত্তরবঙ্গের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। সম্মেলনের এই কমিটির আহ্বায়ক করা হয়েছে দার্জিলিং জেলা কংগ্রেস সভাপতি তথা বিধায়ক শংকর মালাকারকে। কমিটির চেয়ারম্যান করা হয়েছে বিধায়ক নেপাল মাহাতোকে। দক্ষিণবঙ্গের পুরুলিয়ার কংগ্রেস সংগঠনকে শক্তিশালী করার পিছনেও নেপাল মাহাতোর ভূমিকা উল্লেখযোগ্য।

পঞ্চায়েতি রাজ সম্মেলনের আয়োজন করে প্রদেশ কংগ্রেস রাজ্যজুড়ে কংগ্রেস নেতা ও কর্মীদের মনোভাবও বুঝে নিতে চায়। শাসকদল তৃণমূল কংগ্রেসের সঙ্গে জাতীয় রাজনীতিতে কংগ্রেসের ঘনিষ্ঠতা নিয়ে রাজ্যে দলের মধ্যেই কিছুটা বিভ্রান্তি রয়ে গিয়েছে। জাতীয় পর্যায়ে এই দুই দল বিজেপি বিরোধিতার ইস্যুতে অনেকটা কাছাকাছি এলেও এই রাজ্যের কংগ্রেস নেতা ও কর্মীদের একটি বড়ো অংশের মধ্যে তা নিয়ে নেতিবাচক প্রতিক্রিয়া রয়েছে। এমন প্রতিক্রিয়ার ফলে নীচুতলার কর্মীদের মধ্যে বিভ্রান্তিও যথেষ্ট, যাতে রাজ্যে দলের ক্ষতি হচ্ছে। প্রশ্ন উঠেছে, তৃণমূলের সঙ্গে 'দিল্লিতে দোস্তি এবং পশ্চিমবঙ্গে কুস্তি' এই নীতি কী চলবে ? যাঁরা এমন প্রশ্ন তুলছেন, তাঁরা বলছেন, দলকে এই রাজ্যে শক্তিশালী করতে সেজন্য চাই সুস্পষ্ট নীতি। প্রদেশ কংগ্রেসের এক নেতা বলেছেন, পঞ্চায়েত ভোটের আগে নেতৃত্ব যদি এই ব্যাপারে সুস্পষ্ট মত না জানান, তাহলে নীচুতলায় বিভ্রান্তি থেকেই যাবে।

মুকুলকে আক্রমণ করে কুণালের আস্থা মমতায়

কলকাতা, ১২ অক্টোবর (সংবাদ) ঃ পুজোর আগেও দুজনের মধ্যে যথেষ্ট ঘনিষ্ঠতা ছিল। কিন্তু মুকুল রায় দল থেকে ইস্তফা দেওয়ার একদিন পরেই তাঁর সমালোচনায় সরব হলেন তৃণমূলের সাসপেন্ডেড সাংসদ কুণাল ঘোষ। বৃহস্পতিবার সিবিআই দপ্তরে হাজিরা দিতে গিয়ে তিনি মুকুলের বিরুদ্ধে দ্বিচারিতার অভিযোগে সরব হন। একইসঙ্গে তিনি তৃণমূল নেতা-কর্মী ও সমর্থকদের দল ও দলনেত্রীর প্রতি আস্থা রাখার পরামর্শ দেন। কুণালের এই পরিবর্তিত ভূমিকায় রাজনৈতিক মহলে যথেষ্ট চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

মুকুলকে আক্রমণ করে কুণাল বলেন, 'যে ব্যক্তি বিজেপি ভারত ছাড়ো স্লোগান তুলে সরব হয়েছিলেন আজ তিনি কীভাবে হঠাৎ করে বিজেপি-র হয়ে গেলেন? এখন তিনি বিজেপি সাম্প্রদায়িক দল নয় বলে সরব হচ্ছেন। এটা কি বিজেপি নেতা ও কর্মীরা বিশ্বাস করবেন যে, তিনি মনে প্রাণে বিজেপি?'

সারদা ও নারদ কেলেঙ্কারিতে মুকুলের জড়িত থাকার ব্যাপারে স্পষ্ট ইঙ্গিত দিয়ে কুণাল বলেন, 'শুধু সারদা নয়, নারদ, অ্যালকেমিস্টে মুকুলের ভূমিকা নিয়ে তদন্তের যথেষ্ট অবকাশ রয়েছে। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক থেকে তিনি তাঁর দায় এড়াতে পারেন না।' তাঁর অভিযোগ, নারদ কাণ্ডে মুকুলবাবু সরাসরি আইপিএস অফিসার মির্জার কাছে পাঠান ম্যাথুকে। মির্জা বলেছেন টাকা নিয়েছেন। তাই তাঁর বয়ানের উপর ভিত্তি করে মুকুলবাবুকে কেন গ্রেফতার করা হবে না বলেও প্রশ্ন তোলেন তিনি।

কুণাল যেন এদিন মুকুলকে আক্রমণ করতেই মুখ খুলেছিলেন। তাঁর বক্তব্য, 'সারদা তদন্তকে ১০০ শতাংশ প্রভাবিত করেছিলেন মুকুলবাবু। রাজ্য পুলিশের আওতায় যখন তদন্ত হয় তখন তথ্য লোপাটের মূল ভূমিকায় ছিলেন মুকুল।' তবে এদিন তিনি যে ভাষায় তৃণমূলের প্রশংসা করেছেন, তাতেই চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। তৃণমূল কর্মীদের উদ্দেশ্যে তিনি বলেছেন, তাঁরা যেন দলনেত্রীর পাশে থাকেন। মান-অভিমানের পালাটা দলের মধ্যেই যেন মিটিয়ে ফেলেন। কারোর যদি কংগ্রেস, সিপিএম বা বিজেপিতে যেতে ইচ্ছা হয় সরাসরি চলে যান। মুকুল রায়ের পাল্লায় যেন তারা না পড়েন।'

তৃণমূলের প্রাক্তন সাংসদ, অধুনা কংগ্রেস নেতা সোমেন মিত্রও এদিন সাংবাদিক বৈঠক ডেকে মুকুলের হয়ে সওয়াল করেন। তিনি জানান, দিল্লি যাওয়ার আগে মুকুল তাঁর সঙ্গে দেখা করে গিয়েছেন।

'কুপ্রস্তাব', সাসপেন্ড প্রশিক্ষক

বর্ধমান ও কলকাতা, ১২ অক্টোবর ঃ নাট্য কর্মশালায় প্রশিক্ষণ নিতে আসা তিন মহিলা শিক্ষানবীশকে কুপ্রস্তাব দেওয়ার অভিযোগে সাসপেন্ড করা হল প্রশিক্ষককে। বর্ধমান রবীন্দ্র ভবনে গত ৮ অক্টোবর থেকে আগামী ১৪ অক্টোবর পর্যন্ত নাট্য কর্মশালার আয়োজন করা হয়েছে। মোট ২৫ জন শিক্ষানবীশ এই কর্মশালায় অংশগ্রহণ করছেন। তাঁদের প্রশিক্ষণ দেওয়ার দায়িত্বে রয়েছেন রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তর অনুমোদিত একটি নাট্য সংস্কৃতিচর্চা কেন্দ্রের তিন প্রশিক্ষক। তাঁদের মধ্যে প্রেমাংশু রায়ের বিরুদ্ধে তিন মহিলা শিক্ষানবীশকে হোটেলের ঘরে ডেকে এনে কুপ্রস্তাব দেওয়ার অভিযোগ ওঠে। গত বুধবার রাতে ঘটনাটি ঘটে বলে ওই তিন মহিলার পক্ষ থেকে দাবি করা হয়েছে। ঘটনার পর এনিয়ে সোশ্যাল মিডিয়ায় সরব হন তাঁরা। খবর যায় নবান্নে। বেগতিক বুঝে বুধবার রাতেই হোটেল ছেড়ে চম্পট দেন প্রেমাংশু। তদন্তে নামে বর্ধমান থানার পুলিশ। গোটা বিষয়টি খতিয়ে দেখতে বৃহস্পতিবার রবীন্দ্র ভবনে আসেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের দুই আধিকারিক কাজল ভট্টাচার্য ও গোবিন্দ দাস। একই সময়ে সেখানে পৌঁছান জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক কুশল চক্রবর্তীও। তিনি জানান, ইতিমধ্যেই অভিযুক্ত প্রশিক্ষককে সাসপেন্ড করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।

এ বিষয়ে সংশ্লিষ্ট নাট্য সংস্কৃতি চর্চাকেন্দ্রের অন্যতম সদস্য তথা রাজ্যের মন্ত্রী ব্রাত্য বসুকে ফোন করা হলে তিনি বলেন, 'আমি এখন দেশের বাইরে। বিষয়টা কিছুটা শুনেছি। দেশে ফিরে বিস্তারিত বলতে পারব। তবে আমি কোনোদিন অন্যায়কে সমর্থন করিনি। আজও করব না।'

সংস্থার আর এক সদস্য তথা সাংসদ অর্পিতা ঘোষ বলেন, 'আমি চাই অভিযুক্তের বিরুদ্ধে এফআইআর করে তাঁকে গ্রেফতার করা হোক। এঁদের মতো কিছু মানুষের জন্যই সরকারের ভাবমূর্তি কলুষিত হয়। এ বিষয়ে ইতিমধ্যেই ইন্দ্রনীল সেনের সঙ্গেও আমার কথা হয়েছে।' প্রসঙ্গত, এই ঘটনা নিয়ে কথা বলার জন্য সংশ্লিষ্ট সংস্থার চেয়ারম্যান ইন্দ্রনীল সেনের সঙ্গে বারবার ফোনে যোগাযোগের চেষ্টা করা হয়। তাঁকে মেসেজও পাঠানো হয়। কিন্তু ইন্দ্রনীলের তরফে থেকে কোনো জবাব আসেনি। উল্লেখ্য, অভিযুক্ত প্রেমাংশু রায় পরিচালিত 'চিলেকোঠা' ছবিটি কিছুদিন আগেই মুক্তিলাভ করেছে। তারপরই এই ঘটনা প্রকাশ্যে আসায় প্রতিবাদে সরব হয়েছেন নাট্য জগতের একাংশ। এরই প্রেক্ষিতে শুক্রবার বিকেল পাঁচটায় অ্যাকাডেমি অফ ফাইন আর্টসের সামনে একটি প্রতিবাদ কর্মসূচিরও ডাক দেওয়া হয়েছে।

ফের 'মামুলি কারণে' কিশোরের আত্মহত্যা

কলকাতা, ১২ অক্টোবর (সংবাদ) ঃ গত মঙ্গলবার সামান্য কারণে উত্তর ২৪ পরগনায় আত্মঘাতী হয় দ্বাদশ শ্রেণির এক ছাত্রী। ফের ওই একই কারণে বুধবার দক্ষিণ ২৪ পরগনার নামখানা থানার অন্তর্গত চন্দনগরে আত্মঘাতী হল অষ্টম শ্রেণির এক ছাত্র। মৃত ছাত্রের নাম রাজ বাহাদুর আলম। মৃতের পরিবার জানায়, আলমের বাবা নূর আলম পেশায় একজন শিক্ষক। তিনি তাঁর ছেলেকে ঠিকমতো পড়াশোনা না করার জন্য প্রায়ই শাসন করতেন। নিজে একজন শিক্ষক হওয়ায় তিনি চাইতেন যাতে তাঁর ছেলে ভালোভাবে পড়াশোনা করে মানুষের মতো মানুষ হয়। কিন্তু অনেক বকাবকি করেও তাকে বইমুখী করা যাচ্ছিল না। বুধবার বাবা নূর আলমের শাসনের মাত্রাটা বেড়ে যায়। এরপর বাহাদুর আলমের মা ও দিদি বাজারে গেলে দিদির ওড়না দিয়ে ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে। বাবা স্কুল থেকে ফিরে এসে ছেলের ঝুলন্ত দেহ দেখতে পান। তাঁরাই দেহটি উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

গ্রেফতার বিমানবন্দরকর্মী

কলকাতা, ১২ অক্টোবর (সংবাদ) ঃ শুল্ক বিভাগের গোয়েন্দাদের হাতে গ্রেফতার হলেন এয়ারপোর্ট অথরিটির একজন 'ডেটা এন্ট্রি অপারেটর'। ধৃতের নাম স্পন্দনকুমার মুখোপাধ্যায়। অভিযোগ, চোরাপথে নিয়ে আসা বিভিন্ন পণ্যসামগ্রী কলকাতা বিমানবন্দর এলাকা থেকে বাইরে পাচার করে দেওয়ার ব্যাপারে চোরাচালানকারীদের সাহায্য করতেন তিনি। বৃহস্পতিবার ধৃতকে বারাসত আদালতে তোলা হলে বিচারক আগামী ২৬ অক্টোবর পর্যন্ত তাঁকে বিচার বিভাগীয় হেপাজতে রাখার নির্দেশ দেন।

অনুষ্ঠান নানা চ্যানেলে



শিকারের জন্য অসীম ধৈর্য ধরতে পারে চিতা এবং সিংহ। **আফ্রিকা'স ডেডলিয়েস্ট** রাত ১০টায় ন্যাট জিও ওয়াইল্ডে।

জয়ী
সন্ধে ৬টায়
জি বাংলায়

খেলা

ফিফা অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপ ঃ সোনি ইএসপিএন ঃ বিকেল ৫.০০ **কোস্টারিকা** বনাম **ইরান**। রাত ৮.০০ **স্পেন** বনাম **নর্থ কোরিয়া**। **সোনি টেন থ্রি ঃ** ৫.০০ **গিনি** বনাম **জার্মানি**। রাত ৮.০০ **নাইজার** বনাম **ব্রাজিল**। **সোনি ইএসপিএন ঃ** রাত ১২.০০ **ফরাসি লিগ, লিয়ঁ** বনাম **মোনাকো**। **সোনি টেন ঃ** রাত ১২.৩০ **লা লিগা, এসপ্যানিয়ল** বনাম **লেভান্তে**। **স্টার স্পোর্টস সিলেক্ট টু ঃ** রাত ১১.৪৬ **বুন্দেশ লিগা, স্টাটগার্ট** বনাম **কোলন**। **স্টার স্পোর্টস টু ঃ প্রো কাবাডি লিগ ঃ** সন্ধে ৭.৫০ **পুনেরি পল্টন** বনাম **গুজরাট ফরচুনজায়ান্টস**। রাত ৯.০০ **বেঙ্গল ওয়ারিয়র্স** বনাম **তামিল থালাইভাস**। **সোনি সিক্স ঃ** বিকেল ৪.৩০ **শ্রীলঙ্কা** বনাম **পাকিস্তান,** প্রথম একদিনের আন্তর্জাতিক ম্যাচ **দুবাই ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়াম** থেকে। **ডিডি ন্যাশনাল/স্টার স্পোর্টস ওয়ান/হিন্দি/তামিল ঃ** সন্ধে ৬.৫০ **ভারত** বনাম **অস্ট্রেলিয়া**, তৃতীয় টি২০ ম্যাচ **হায়দরাবাদ** থেকে।

ম্যাচগুলি দেখুন সরাসরি

ডিডি ন্যাশনাল ঃ দুপুর ২.০০ সংবাদ, বিকেল ৩.০০ কথায় কথায়, ৪.০০ পঞ্চায়েত দর্পণ, ৫.০৫ ছায়াছবির গান, ৫.৩০ কৃষি দর্শন, সন্ধে ৬.৩০ ধ্রুপদী নৃত্য, রাত ৯.০৫ থিয়েটার অন টিভি, ১০.০০ সংবাদ প্রবাহ।

আনইন্ডিয়ান বিকেল ৩.০৫ মিনিটে **স্টার গোল্ড সিলেক্ট এইচডি** চ্যানেলে।

হৃদমাঝারে
পর্বে আজকের অতিথি **স্বপন অধিকারী বাউল**।
দেখুন রাত সাড়ে ৯টায় **আকাশ আট**-এ

লারা তাঁর দলের মেয়েদের নিয়ে এবার দ্বীপের উত্তরদিকে-
-গেট আউট রাত সাড়ে ১১টায় **টিএলসি**-তে।

ডিডি বাংলা ঃ বেলা ১১.০৫ মাস্টারমশাই
আকাশ আট ঃ দুপুর ১.৩০ অদ্বিতীয়া
জলসা মুভিজ ঃ বেলা ১১.১০ রিফিউজি, দুপুর ২.৩০ জামাইবাবু জিন্দাবাদ, সন্ধে ৬.০৫ মিনিস্টার ফাটাকেষ্ট, রাত ৯.০০ লাভেরিয়া
জি বাংলা সিনেমা ঃ সকাল ৯.৫৫ ভবানী, দুপুর ১২.০০ বাবা কেন চাকর, বিকেল ৩.০০ মঙ্গলদীপ, ৫.৫৫ চিতা, রাত ৯.০০ আপন আমার আপন
স্টার গোল্ড ঃ সকাল ৮.৪৫ ভাগ মিলখা ভাগ, দুপুর ১২.৪৫ দৃশ্যম, বিকেল ৪.২০ বেটিং রাজা, সন্ধে ৬.৫৫ সিংহম রিটার্নস, রাত ১০.০০ জয় হো
মুভিজ ওকে ঃ বেলা ১১.১০ জমিন, দুপুর ২.১৫ জিনে নেহি দুংগা, বিকেল ৫.২০ কুঁয়ারা, সন্ধে ৭.৫৫ চোরি চোরি চুপকে চুপকে।